



## প্রকৃতি থেকে শিক্ষা

وَمِنْ آيَاتِهِ أَنْتَ تَرَى الْأَرْضَ خَاشِعَةً فَإِذَا أَنْزَلْنَا عَلَيْهَا الْمَاءَ اهْتَزَّتْ وَرَبَتْ إِنَّ الَّذِي أَحْيَاهَا  
لُمُحْيِ الْمَوْتَى إِنَّهُ عَلَىٰ كُلِّ شَيْءٍ قَدِيرٌ

“আর এটিও আল্লাহর নিদর্শনসমূহের একটি যে তোমরা দেখতে পাও ভূমি শুষ্ক শস্যহীন পড়ে আছে। অতঃপর আমি যেই মাত্র সেখানে পানি বর্ষণ করি অকস্মাৎ তা অঙ্কুরোদগমে সুসজ্জিত হয়ে ওঠে। যে আল্লাহ এই মৃত ভূমিকে জীবন্ত করে তোলেন, নিশ্চিতভাবেই তিনি মৃতদেরকেও জীবন দান করবেন। নিশ্চয়ই তিনি সব কিছু করতে সক্ষম।”

আস সাজদাহ: আয়াত ৩৯ সূরা হা-মীম

নবী (সাঃ) এর জীবনের প্রথম বছরগুলিতে তিনি প্রকৃতির সাথে একটি সুনির্দিষ্ট সম্পর্ক গড়ে তুলেছিলেন যা তাঁর সারা জীবনের মিশনের সাথে জড়িয়ে ছিল। এই মহাবিশ্বে ছড়িয়ে আছে অসংখ্য এমন সব নিদর্শন যা স্রষ্টার উপস্থিতি স্বরণ করিয়ে দেয়। আর বিস্তৃত মরুভূমি অন্য যে কোনও কিছুর চেয়ে বেশি মানুষের মনকে পর্যবেক্ষণ, ধ্যান এবং অর্থবহুল দীক্ষার জন্য উন্মুক্ত করে। তাই কোরআনের অনেক আয়াতে রয়েছে অসংখ্য সৃষ্টির বিস্ময় এবং এর শিক্ষার উল্লেখ। তাই মরুভূমি দৃশ্যত জীবনহীন কিন্তু তা বারবার চেতনায় প্রানচঞ্চলতা ফিরে নিয়ে আসে।

শৈশবকাল থেকেই প্রকৃতির সাথে এই সম্পর্ক নবীজীর জীবনে এতটাই বিদ্যমান ছিল যে, কেউ সহজেই এই সিদ্ধান্তে উপনীত হতে পারে যে প্রকৃতির কাছাকাছি বসবাস করা, তাকে পর্যবেক্ষণ করা, বোঝা এবং সম্মান করা গভীর বিশ্বাসের অপরিহার্যতা।

প্রকৃতি হল প্রাথমিক পথপ্রদর্শক এবং বিশ্বাসের অন্তরঙ্গ সঙ্গী। এইভাবে, আল্লাহ্ তার নবীকে, তার শৈশবকাল থেকে, সৃষ্টির প্রাকৃতিক পাঠের কাছে প্রকাশ করার সিদ্ধান্ত নিয়েছিলেন, প্রকৃতিকে একটি স্কুল হিসাবে কল্পনা করা যায় যেখানে মন ধীরে ধীরে জীবনের উদ্দেশ্য এবং অর্থ বুঝতে পারে। আত্মাহীন ধর্মীয় আচার-অনুষ্ঠানের আনুষ্ঠানিকতা থেকে অনেক দূরে, এই ধরণের শিক্ষা, প্রকৃতির সাথে ঘনিষ্ঠতার মধ্যে এবং চিন্তা ও গভীরতার উপর ভিত্তি করে আল্লাহ্র সাথে এমন এক আধ্যাত্মিক সম্পর্ক গড়ে তোলে যা পরবর্তীতে ধর্মীয় আচার-অনুষ্ঠানের অর্থ, রূপ এবং উদ্দেশ্য বুঝতে সহায়ক হয়।

আজ আমাদের শহরগুলি প্রকৃতি থেকে এমন বিচ্ছিন্ন যে আমরা আজকাল প্রকৃতির এই শিক্ষার প্রয়োজনীয়তা এতটাই ভুলে গেছি যে বিপজ্জনকভাবে মনে করি যে শুধুমাত্র এবাদতগুলোর কৌশল এবং বাহ্যিক রূপগুলিই (নামাজ, রোযা, হজ্ব ইত্যাদি) তাদের অর্থ এবং উদ্দেশ্য উপলব্ধি এবং বোঝার জন্য যথেষ্ট। এই বিভ্রান্তির গুরুতর পরিণতি রয়েছে কারণ এটি এবাদতগুলোর আধ্যাত্মিক শিক্ষাকে নষ্ট করে দেয়, যা আসলে সকল এবাদতের কেন্দ্রবিন্দু হওয়া উচিত ছিল।

সূত্রঃ "In The Footsteps of The Prophet" - Tariq Ramadan, pp. 12-14 / ভাবানুবাদঃ মাসুদ আলী